গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৫৫

**বিভাগীয় কমিশনার ও সিটি কর্পোরেশন অফিস দুর্নীতিতে জড়াবেনা, প্রমাণ পেলে কঠোর ব্যবস্থা নেওয়ার প্রতিশ্রুতি বিভাগীয় কমিশনারের**

রাজশাহী; ২৪ অগ্রহায়ণ (০৯ ডিসেম্বর):

রাজশাহী বিভাগীয় কমিশনার ড. আ. ন. ম. বজলুর রশীদ বলেছেন, আমাদের প্রতিটি সেক্টরে দুর্নীতি আছে,আমরা এই দুর্নীতিকে নির্মূল করতে চাই।আমি প্রতিশ্রুতি দিতে চাই আমার বিভাগীয় কমিশনার ও সিটি কর্পোরেশন অফিস কোন দুর্নীতিতে জড়াবেনা-যদি কোনো প্রমাণ পাওয়া যায় তাহলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে। এটি আমাদের সর্বোচ্চ ও মুক্তকণ্ঠে ঘোষণা। দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্সের যে নীতি এটি আমরা পালন ও বাস্তবায়ন করব। তাহলে আমাদের তরুণরা সুশৃঙ্খলা ও নিয়ন্ত্রনের মধ্য দিয়ে গড়ে উঠবে। একটি সুন্দর, সাবলীল এবং আমাদের স্বপ্নের সমাজ আমরা বিনির্মাণ করতে পারব।

আজ মঙ্গলবার (০৯ ডিসেম্বর) সকালে রাজশাহী জেলা পরিষদ মিলনায়তনে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস-২০২৫ উপলক্ষ্যে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

বজলুর রশীদ বলেন, বাংলাদেশে ২০২৩ সালের তুলনায় ২০২৪ সালে বেশি দুর্নীতি হয়েছে। ২০২৩ সালে আমাদের সূচক ছিল ২৪ এবার হয়েছে ২৩, তারমানে দুর্নীতিসূচকে এক নাম্বার কম পেয়েছি। দক্ষিণ এশিয়ায় একটি মাত্র দেশ আমাদের থেকে বেশি দুর্নীতিগ্রস্ত সেটি হল আফগানিস্তান। আফগানিস্তানের পওে আমরা দ্বিতীয় হয়েছি এটি আমাদের ভাবার বিষয়। আন্তর্জাতিক মানদন্ড সূচকে প্রথম দেশের গড় ৪৩-সেখান থেকে আমরা অনেক পিছিয়ে।

তিনি বলেন, আর্থিক দুর্নীতিই কিন্তু একমাত্র দুর্নীতি নয়। আর্থিক দুর্নীতি হলো দুর্নীতির যতগুলো স্তর আছে তার সর্বশেষ স্তর। যেমন–রাস্তার উল্টা পথে যাচ্ছি, বিভিন্ন কাজে আমরা লাইনে না দাঁড়িয়ে বিভিন্নভাবে সুযোগ নিচ্ছি–এখানে কিন্তু আর্থিক সম্পৃক্ততা নেই, কাজেই এটাকে দুর্নীতি মনে করছিনা। এভাবে আমরা প্রত্যেকেই প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দুর্নীতিতে জড়িয়ে যাচ্ছি।

তিনি আরও বলেন, গতবার দেখেছি দুর্নীতির শীর্ষে আইন-শৃঙ্খলা বাহিনী। আসলেই কি আইন-শৃঙ্খলা বাহিনী একাই জড়িত! আইন-শৃঙ্খলার সাথে আমাদের আদালত সম্পৃক্ততা এবং অ্যাডভোকেটরাও কাজ কওে তারাও কিন্তু এই দুর্নীতির অংশীদার। যখনই কোনো আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য একজন অপরাধীকে ধওে তখন তাকে ছাড়িয়ে নেয়ার জন্য অনেকেই দাঁড়িয়ে যায়। সেটা নৈতিকভাবে হোক আইনগতভাবে হোক এরকম কোনো না কোনোভাবে আমরা প্রত্যেকেই জড়িত আছি দুর্নীতির সাথে।

রাজশাহী দুর্নীতি দমন কমিশনের পরিচালক মো. ফজলুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন রাজশাহী রেঞ্জের ডিআইজি মোহাম্মদ শাহজাহান, আরএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার  মো. খোরশেদ আলম, জেলা প্রশাসক আফিয়া আখতার, পুলিশ সুপার মোহাম্মদ নাইমুল হাছান, দূর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি তৌফিকুর রহমান লাবলু, দূর্নীতি প্রতিরোধ কমিটিরসহ সভাপতি মো. এহছানুল হুদা, প্রফেসর ড. সিদ্ধার্থ কুমার শংকর তালুকদার।

এর আগে জেলা পরিষদ মিলনায়তন চত্বরে বেলুন-ফেস্টুন উড়িয়ে দিবসটির উদ্বোধন করেন বিভাগীয় কমিশনার। উদ্বোধন শেষে একই স্থানে মানববন্ধন  অনুষ্ঠিত হয়।

.............................................................

রুহুল/তৌহিদ/স্মিতা/হালিম/২০২৫/১১:৩০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd